দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# ইউজিসিতে প্রশিক্ষণের অভিজ্ঞতা বিনিময়ে কর্মশালা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেলের পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণ মালয়েশিয়া, ভারত ও থাইল্যান্ড-এ কোয়ালিটি এসিউরেন্সের বিভিন্ন বিষয়ের ওপরে প্রশিক্ষণ গ্রহণ করেন। তারই পরিপ্রেক্ষিতে গতকাল বুধবার প্রশিক্ষণার্থীদের বিদেশি প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতা বিনিময় শীর্ষক এক কর্মশালা ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। বিশেষ অতিথি ছিলেন ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কোয়ালিটি এসিউরেন্স ইউনিটের প্রধান প্রফেসর ড. মেসবাহ উদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত, সচিব) ড. গৌরঙ্গ চন্দ্র মোহন্ত।

ইউজিসি চেয়ারম্যান বলেন, উচ্চশিক্ষা পর্যায়ে শিক্ষার গুণগত মানোন্নয়নে এবং উৎকর্ষতা সাধনে ইউজিসি বিশ্ববিদ্যালয়সমূহে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল প্রতিষ্ঠার মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ থেকে লব্ধ জ্ঞান দাপ্তরিক কর্মকাণ্ডে প্রয়োগের মাধ্যমে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখার আহবান জানান।

প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা বলেন, শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং উৎকর্ষতা সাধনে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ খুবই জরুরি বলে মনে করেন তারা। অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেলের পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণ, ইউজিসি এবং উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। -প্রেস বিজ্ঞপ্তি